

## গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম, জেলা প্রশাসক, গাজীপুর ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচী ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	ঃ	১৫ অগ্রহায়ণ ১৪৩০	
			৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০	
			০১-০৪ ডিসেম্বর ২০২৩	
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	ঃ	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০	
			০৫-০৯ ডিসেম্বর ২০২৩	
(ঘ)	আপিল নিষ্পত্তি	ঃ	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০	
			১০-১৫ ডিসেম্বর ২০২৩	
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	০২ পৌষ ১৪৩০	
			১৭ ডিসেম্বর ২০২৩	
(চ)	প্রতীক বরাদ্দ	ঃ	০৩ পৌষ ১৪৩০	
			১৮ ডিসেম্বর ২০২৩	
(ছ)	ভোটগ্রহণের তারিখ	ঃ	২৩ পৌষ ১৪৩০	
			০৭ জানুয়ারী ২০২৪	

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাজে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১৯৬ গাজীপুর-৩ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৪টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (ডাওয়াল সম্মেলন কক্ষে) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর, এবং সহকারী কমিশনার (ভূমি) গাজীপুর সদর, গাজীপুর) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখঃ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম

জেলা প্রশাসক, গাজীপুর

এবং

রিটার্নিং অফিসার

নির্বাচনি এলাকা ১৯৬ গাজীপুর-৩

তারিখঃ ১৫/১১/২০২৩খ্রি.

নথি নং ১৭.০২.৩৩০০.০০০.৩৬.০০৪.২৩-৮২৩

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২। মহাপরিচালক (ফ্রোড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা

৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

৫। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর

৬। মহাব্যবস্থাপক, টেলিভিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক

৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (গণ-বিজ্ঞপ্তি টি তাঁর কার্যালয় ও সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়

এবং গাজীপুর মহানগরীর ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়সহ দৃশ্যমান স্থানে স্থাপনপূর্বক ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা

৯। অধিনায়ক, ৬৩ বিজিবি ব্যাটালিয়ন, গাজীপুর

১০। অধিনায়ক, র‍্যাব-১, উত্তরা, ঢাকা

১১। পুলিশ সুপার, গাজীপুর

১২। পরিচালক, শিল্প পুলিশ, গাজীপুর

১৩। কর কমিশনার, গাজীপুর

১৪। জেলা নির্বাচন অফিসার, গাজীপুর

১৫। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর। (তাকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ)

১৬। সহকারী কমিশনার (ভূমি) গাজীপুর সদর, গাজীপুর (তাকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ)

১৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, গাজীপুর।

১৮। জেলা তথ্য অফিসার, গাজীপুর। (তাকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ)

১৯। অফিসার ইনচার্জ, ..... (সকল) থানা, গাজীপুর

২০। সভাপতি/সম্পাদক, গাজীপুর প্রেস ক্লাব, গাজীপুর

২১। নোটিশ বোর্ড .....

জেলা প্রশাসক, গাজীপুর

এবং

রিটার্নিং অফিসার